

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

ইডেন মহিলা কলেজ, ঢাকা।

তারিখ: ০৭/০৯/২০২৫ খ্রি।

**২০২০ সালে ডিগ্রী (পাস) চূড়ান্ত পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের
২০২০-২০২১ শিক্ষাবর্ষ মাস্টার্স ১মপর্ব (প্রিলিমিনারি) ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয় অধীন ২০২০ সনের ডিগ্রী (পাস) বিশেষ পরীক্ষায় চূড়ান্তভাবে উত্তীর্ণ ছাত্রীদের আগামী ৩০/০৯/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত www.edencollege.eshiksabd.com ওয়েবসাইটে প্রবেশ করে ভর্তি ফরম পূরণ ও ফি জমা দিয়ে ২০২০-২০২১ শিক্ষাবর্ষ মাস্টার্স ১ম বর্ষে ভর্তি হতে পারবে। উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীন অন্য কলেজের ছাত্রীদের ক্ষেত্রে নিজ কলেজে মাস্টার্স প্রিলিমিনারি কোর্সে ভর্তির সুযোগ না থাকলে সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ কর্তৃক ছাড়পত্র/ সুপারিশপত্র জমা দিয়ে ভর্তি হতে পারবে।

২। মাস্টার্স প্রিলিমিনারি বিষয় নির্বাচন: 'বাংলা, ইংরেজি ও স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস' ব্যতীত ডিগ্রী পর্যায়ে পঠিত অন্য তিনটি বিষয় হতে একটি বিষয় নির্বাচন করতে হবে।


৩। মাস্টার্স (প্রিলিমিনারি) যে সকল বিষয়ে ভর্তি হতে পারবে ও ভর্তি ফি :

ক) ইতিহাস, ইসলামের ইতিহাস, রাষ্ট্রবিজ্ঞান, সমাজকর্ম, অর্থনীতি, মার্কেটিং, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, সেমিনার ফিসহ ভর্তি ফি:-৩৫৩০/-

খ) মনোবিজ্ঞান, সেমিনার ফিসহ ভর্তি ফি:-৩৭৮০/-

৪। শিক্ষার্থীর করণীয়: মাস্টার্স ১ম পর্ব ভর্তি ইচ্ছুক শিক্ষার্থীদের ডিগ্রী (পাস) পরীক্ষার সকল বর্ষের নম্বরপত্র ভর্তি ইচ্ছুক বিভাগে জমা দিতে হবে। বিভাগ ইএমএস সফটওয়্যারে শিক্ষার্থীর নাম আপলোড করার পর উপরোল্লিখিত ওয়েব সাইটে প্রবেশ করে 'edenstudent' ইউজার আইডি ও পাসওয়ার্ড হিসেবে ব্যবহার করে লগইন করতে হবে। ওয়েবসাইটটি ওপেন হওয়ার পর Admission ট্যাব ক্লিক করে ভর্তি ফরম পূরণ করতে হবে। ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী তথ্যাদি পূরণ করে ভর্তি ফি "উপায়/বিকাশ/রকেট/এমক্যাশ/সেলফিন (Bill ID: Eden Mohila College)" এর মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ভর্তি ফি পরিশোধ করতে হবে। মোবাইল ব্যাংকিং এ বিজ্ঞপ্তিতে নির্ধারিত টাকার চেয়ে কম বা বেশি টাকা দেখালে পেমেন্ট না করে কলেজ অফিসে যোগাযোগ করতে হবে। ভর্তি ফরমটি প্রিন্ট করে সকল বর্ষের মার্কসীট (অনলাইন কপি) ও পে-রিসিটসহ কলেজের সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে। ভর্তি ফরম বিভাগে জমা না দিলে তার ভর্তি নিশ্চিত হবে না।

৫। বিভাগের করণীয়: উল্লিখিত সনের ডিগ্রী ৩য় বর্ষ পরীক্ষার্থী উত্তীর্ণ ছাত্রীদের তিন বছরের ফলাফল যাচাই করে কলেজের নিজস্ব ইএমএস সফটওয়্যারে Student তার পর Student for Admission Form এ প্রবেশ করে ভর্তি ইচ্ছুক শিক্ষার্থীদের শিক্ষাবর্ষ (২০২০-২০২১), গ্রুপ(Prel), বিভাগ/ বিষয়, শিক্ষার্থীর নাম, রেজিস্ট্রেশন নম্বর, ডিগ্রী পাশকৃত কলেজের নাম, ডিগ্রী উত্তীর্ণ হওয়ার সাল, (+add Roll/ Reg) ক্লিক করে এন্ট্রি দিতে হবে।


৯/৯/২৫
(অধ্যাপক ড. শামছুন নাহার)
অধ্যক্ষ

ইডেন মহিলা কলেজ, ঢাকা।

কার্যার্থে:

- ১। উপাধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
- ২। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
- ৩। প্রধান সহকারি, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
- ৪। রেজিস্ট্রেশন শাখা, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
- ৫। ক্যাশিয়ার, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
- ৬। সংরক্ষণ নথি।

